ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭১৭
আগরতলা, ১৫ মে, ২০২৫

# নির্বাচন কমিশনের সাথে আম আদমী পার্টির বৈঠক অনুষ্ঠিত







নয়াদিল্লির নির্বাচন সদনে আজ মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, নির্বাচন কমিশনার ড. সুখবীর সিং সান্ধু এবং নির্বাচন কমিশনার ড. বিবেক যোশীর সঙ্গে মতবিনিময় করেন ন্যাশন্যাল কনভেনার অরবিন্দ কেজরীওয়ালের নেতৃত্বে আম আদমী পার্টির প্রতিনিধিগন। বিভিন্ন জাতীয় এবং রাজ্যস্তরীয় রাজনৈতিক দলগুলির সভাপতিদের সঙ্গে ভারতের নির্বাচন কমিশনার যে মতবিনিময় করেন আজ এই বৈঠক তারই অঙ্গ। মতবিনিময় অনুষ্ঠানে জাতীয় এবং রাজ্যদলের সভাপতিগণ তাদের পরামর্শ এবং উদ্বেগ সরাসরি কমিশনের কাছে তুলে ধরতে পারছেন।

বর্তমানে বিদ্যমান আইনিকাঠামোর মধ্যে থেকে সমস্ত অংশীদারদের সঙ্গে নির্বাচনী প্রক্রিয়াকে কিভাবে আরও শক্তিশালী করে তোলা যায় সে সম্পর্কে নির্বাচন কমিশনের খোলামেলা দৃষ্টিভঙ্গির সঙ্গে এই ধরনের মতবিনিময় অনুষ্ঠান সঙ্গতিপূর্ণ। এর আগে ৬ মে, ২০২৫ দলীয় সভাপতি কুমারী মায়াবতীর নেতৃত্বে বহুজন সমাজ পার্টি (বি.এস.পি.), ৮ মে, ২০২৫ দলীয় সভাপতি জগৎপ্রকাশ নাড্ডার নেতৃত্বে ভারতীয় জনতা পার্টি (বিজেপি), ১০ মে, ২০২৫ সাধারণ সম্পাদক এম.এ. বেবির নেতৃত্বে সি.পি.আই.(এম.), ১৩ মে, ২০২৫ দলীয় সভাপতি কর্ণাড সাংমার নেতৃত্বে ন্যাশনাল পিপলস পার্টির প্রতিনিধিদের সাথে কমিশনের মতবিনিময় হয়েছিলো। এর আগে সবমিলিয়ে ৪,৭১৯টি সর্বদলীয় বৈঠক করা হয়েছে। মুখ্য নির্বাচন আধিকারিকগণ (সি.ই.ও.) ৪০টি, জেলা নির্বাচন আধিকারিকগণ (ডি.ই.ও.) ৮০০টি এবং ই.আর.ও.-রা ৩,৮৭৯টি বৈঠক করেছেন। বিভিন্ন রাজনৈতিক দলের ২৮ হাজারেরও বেশি প্রতিনিধিগণ এই বৈঠকগুলিতে অংশ নিয়েছেন। ভারতের নির্বাচন কমিশনের পক্ষ থেকে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

******